দৈনিক ইত্তেফাক

তারিখ ... ২৭ MAY 1989
পৃষ্ঠা ... ৩ কলাম ... ৬

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

26

28

27 MAY 1989

# কয়েকটি উপজেলায় প্রাথমিক শিক্ষকের বহু পদ শূণ্য

বিভিন্ন এলাকার সরকারী প্রামমিক বিদ্যালয়ে শিক্ষকের বহু-পদ খালি থাকায় ছাত্র-ছাত্রীদের লেখাপড়া ব্যাহত হইতেছে। খবর ইত্তেফাক সংবাদদাতাদের।

পঞ্চগড় ঃ পঞ্চগড় জেলার ৫টি উপজেলার বিভিন্ন সরকারী প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষকের ২২টি এবং সহকারী শিক্ষকের ৮১টি পদ খালি রহিয়াছে। জেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা যায়, পঞ্চগড় সদর উপজেলায় ১ জন প্রধান শিক্ষক ও ৫ জন সহকারী শিক্ষকের পদ, তেতুলিয়া উপজেলায় ২ জন প্রধান শিক্ষক, ১৪ জন সহকারী শিক্ষক, আটোয়ারী উপজেলায় ৪ জন প্রধান শিক্ষক, ১১ জন সহকারী শিক্ষক, বোদা উপজেলায় ১০ জন প্রধান শিক্ষক ১৭ জন সহকারী শিক্ষক এবং দেবীগঞ্জ উপজেলায় ৫ জন প্রধান শিক্ষক

( ৪র্থ পৃঃ দ্রঃ )

## প্রাথমিক শিক্ষকদের বহুপদ

(৩য় পৃঃ পর)

৩৪ জন সহকারী শিক্ষকের পদ শূন্য রহিয়াছে।

দাউদকান্দি ঃ দাউদকান্দি উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকের ৫০টি পদ এবং হোমনা উপজেলায় ৪০টি পদ শূন্য রহিয়াছে।

## ২টি উপজেলায় একজন শিক্ষা অফিসার

রূপগঞ্জ সংবাদদাতা জানান, রূপগঞ্জ উপজেলা শিক্ষা অফিসারের পদটি বদলীজনিত কারণে ২ মাস যাবৎ খালি থাকায় সোনারগাঁও উপজেলা শিক্ষা অফিসার একই সঙ্গে রূপগঞ্জ উপজেলা শিক্ষা অফিসারের কাজ চালাইয়া যাইতেছেন।